

আইসিবিএম সম্মেলন সমাপ্ত

নিজস্ব প্রতিবেদক, বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম

Published: 29 Apr 2019 12:35 AM BdST Updated: 29 Apr 2019 12:35 AM BdST



ব্র্যাক ইউনিভার্সিটি আয়োজিত তিনদিনব্যাপী ইন্টারন্যাশনাল কনফারেন্স অন বিজনেস ম্যানেজমেন্ট-আইসিবিএম ২০১৯ শেষ হয়েছে।

রাজধানী ওয়েস্টিন হোটেলে শনিবার আন্তর্জাতিকে এই সম্মেলনের সমাপনী অনুষ্ঠানে সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন বলে ব্র্যাক ইউনিভার্সিটির এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়।

অনুষ্ঠানে ব্র্যাক ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ভিনসেন্ট চ্যাং, উপ-উপাচার্য মোহাম্মদ তামিম, এসিআই গ্রুপের চেয়ারম্যান আনিস উদ দৌলা, ব্র্যাক বিজনেস স্কুলের ডিন প্রফেসর মোহাম্মদ মাহবুব রহমান, প্রোগ্রাম চেয়ার মামুন হাবিব, তাইওয়ানের চুং ইয়াং ক্রিস্টিয়ান ইউনিভার্সিটির প্রফেসর হুই মিং ইউ ও ন্যাশনাল চুং সিং ইউনিভার্সিটির প্রফেসর জং রু লি বক্তব্য রাখেন।

বৃহস্পতিবার শিক্ষার্থী-গ্র্যাজুয়েট ও গবেষকদের মিলনমেলায় শুরু হয়েছিল আইসিবিএম নামের এই সম্মেলন।

সমাপনি বক্তব্যে ব্র্যাক ইউনিভার্সিটির উপ-উপাচার্য বলেন, 'প্রযুক্তির উত্তোরত্তর বিকাশের কারণে চাকুরির বাজারে আমূল পরিবর্তন এসেছে। ব্র্যাক ইউনিভার্সিটি শিক্ষার্থীদের সব পরিবেশ মোকাবেলা করার মতো দক্ষ করে গড়ে তুলছে।'

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ভিনসেন্ট চ্যাং বলেন, 'শিক্ষা ও গবেষনার ক্ষেত্রে এই ধরনের আয়োজন যুগান্তকারী ভূমিকা পালন করে থাকে। এটা কেবলই শুরু, কাজিত লক্ষ্য অর্জনে এখনও অনেকটা পথ আমাদের পাড়ি দিতে হবে।'

কনফারেন্সে বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্টের বিভিন্ন বিষয়ের ওপর ১৭০টি প্রবন্ধ উপস্থাপিত হয় যাতে দেশ-বিদেশের ২৫০ জন গবেষক অংশগ্রহণ করেন।